**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-
হোটেল :- তারাপীঠ, দিঘা ,পুরী।
বাগান বাড়ি :- খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন "এই যুগ" অফিসে।
ফোন নং: 9062867921।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 25 JANUARY 2026 ,SUNDAY | ২৫ জানুয়ারি ২০২৬ ,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-56


## শনিবার থেকেই যাত্রা শুরু শিয়ালদহ-বারাণসী অমৃত ভারত এক্সপ্রেসের




নিজস্ব সংবাদদাতা, এই যুগ , কলকাতা ,২৪ জানুয়ারি : আজ শনিবার থেকেই যাত্রা শুরু করলো শিয়ালদহ-বারাণসী অমৃত ভারত এক্সপ্রেস। এদিন শিয়ালদহ স্টেশন থেকে সন্ধ্যা সাড়ে ৭টা নাগাদ ট্রেনটি ছাড়ে।রেল সূত্রে জানা গেছে , ২২৫৮৭ শিয়ালদহ-বারাণসী অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনটি সপ্তাহে তিন দিন চলবে । সোমবার, বুধবার এবং শনিবার শিয়ালদহ স্টেশন থেকে সন্ধ্যা সাড়ে ৭টা নাগাদ ট্রেন টি ছাড়বে। ট্রেনটি ছাড়ার পরের দিন সকাল ৭টা ২০ মিনিট নাগাদ বারাণসী পৌঁছবে । অন্য দিকে, ২২৫৮৮ বারাণসী-শিয়ালদহ অমৃত ভারত এক্সপ্রেস, সপ্তাহে প্রতি মঙ্গলবার , শুক্রবার , এবং রবিবার রাত ১০টা ১০ মিনিট নাগাদ বারাণসী থেকে ছাড়বে। পরের দিন সকাল ৯টা ৫৫ মিনিট নাগাদ শিয়ালদহ স্টেশনে পৌঁছাবে। যাত্রা পথে দুর্গাপুর, আসানসোল, মধুপুর, জসিডি, পাটনা এবং পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় স্টেশনে দাঁড়াবে এই বিশেষ ট্রেনটি। এই বিশেষ ট্রেনটি চালু হওয়ায় খুশি পর্যটক থেকে সাধারণ মানুষ। সহজেই পৌঁছে যেতে পারবে বারাণসী তে কম সময়ে।

## মেয়ে জামাইয়ের বাড়ি বেড়াতে এসে গভীর রাতে বিছানায় গুলিবিদ্ধ শাশুড়ী , চাঞ্চল্য ও আতঙ্ক এলাকায়



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ২৪ জানুয়ারি : মেয়ে জামাইয়ের বাড়ি বেড়াতে এসে গভীর রাতে বিছানায় ঘুমের মধ্যে গুলিবিদ্ধ হলেন শাশুড়ী, ঘটনায় ব্যপক চাঞ্চল্য ও আতঙ্ক ছড়িয়েছে এলাকায়। জানা গেছে কোচবিহার জেলার দিনহাটার গীতালদহ এলাকায় এই ঘটনা ঘটে শুক্রবার রাত আনুমানিক দুটো নাগাদ। কোচবিহারের ওকরাবাড়ি গ্রামের মর্জিনা বিবি কয়েকদিন আগে গীতালদহে তার মেয়ে জামাইয়ের বাড়ি আসেন। শুক্রবার রাতে তিনি ও তার মেয়ের শাশুড়ী রীনা বিবি এক বিছানায় ঘুমাচ্ছিলেন। মর্জিনা বিবি শুয়ে ছিলেন টিনের বেড়ার পাশে। রাতে বিকট শব্দে তাদের ঘুম ভেঙ্গে যায়। রীনা বিবি জানান ঘুম ভেঙ্গে তিনি দেখেন তার বিয়ান মর্জিনা বিবি যন্ত্রনায় কাতরাচ্ছেন ও হাত থেকে রক্ত ঝড়ছে। লক্ষ্যকরে দেখেন টিনের বেড়া ভেদ করে গুলি এসে লেগেছে মর্জিনা বিবির হাতে। সাথে সাথে বাড়ির লোকজন তাকে দিনহাটা হাদপাতালে নিয়ে যান। সেখানেই তার চিকিৎসা চলছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান দিনহাটা থানার পুলিশ। তারা ঘটনার তদন্ত শুরু করেছেন। কে বা কারা, কেন গুলি ছুড়েছে তা এখনও অজানা। ঘটনায় ব্যপক চাঞ্চল্য ও আতঙ্ক ছড়িয়েছে এলাকায়। গুলির রহস্য ভেদে পুলিশের তদন্ত শুরু হয়েছে।

## প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে অসম বাংলা সীমানায় নিরাপত্তাজনিত কারনে নাকা চেকিং পুলিশের





সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৪ জানুয়ারি : সামনেই ছাব্বিশে জানুয়ারি, দেশের প্রজাতন্ত্র দিবস। প্রজাতন্ত্র দিবসে নিশ্ছিদ্র নিরাপত্তা ভ্জায় রাখার লক্ষ্যে আলিপুরদুয়ার জেলা পুলিশের কুমারগ্রাম থানার পুলিশ অসম বাংলা সীমানায় চালাচ্ছে নাকা চেকিং সহ স্নিফার ডগ নিয়ে তল্লাশী। পুলিশ সূত্রে জানানো হয় অসম বাংলা সীমানায় থানা এলাকার পাখড়িগুড়িতে সাতাশ নম্বর জাতীয় সড়কে বছরভর নাকা চেকিং চললেও প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে এই চেকিং আরও কঠোর করা হয়েছে। দিন রাত চলছে নাকা চেকিং। অসম সহ উত্তর পূর্বের বিভিন্ন রাজ্য থেকে আসা ছোট বড়ো সমস্ত যানবাহন, মোটরসাইকেল, স্কুটি সব গুলিকে নাকা পয়েন্টে দাঁড় করিয়ে চেকিং করা হচ্ছে। পাশাপাশি পুলিশের গোয়েন্দা শাখার স্নিফার ডগ ক্যাপ্টেন কে নিয়ে ও সীমানা এলাকার হাট, বাজার, বাস স্ট্যান্ড সহ জনবহুল এলাকাগুলিতে তল্লাশী চালানো হচ্ছে। পুলিশ সূত্রে জানানো হয়েছে প্রজাতন্ত্র দিবসকে শান্তিপূর্ণ ভাবে উদযাপনের লক্ষ্যেই এই উদ্যোগ।

## হাসপাতাল চত্বরে সদ্যোজাতের কাটা মুণ্ড নিয়ে ঘুরল কুকুর



সুস্মিতা রায়, এই যুগ, জলপাইগুড়ি , ২৪ জানুয়ারি : জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালের মাদার অ্যান্ড চাইল্ড হাব চত্বরে ভয়াবহ ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়াল। হাসপাতাল চত্বরে পরিত্যক্ত একটি জায়গা থেকে সদ্যোজাত শিশুর কাটা মুণ্ড মুখে করে টেনে প্রকাশ্যে নিয়ে আসে একটি কুকুর। সেই দৃশ্য নজরে পড়তেই আতঙ্ক ছড়ায় হাসপাতালে অপেক্ষারত রোগীর পরিবার ও স্বজনদের মধ্যে।প্রত্যক্ষদর্শীদের দাবি, ঘটনার মুহূর্তে হাসপাতাল চত্বরে হইচই পড়ে যায়। কীভাবে হাসপাতালের মতো সুরক্ষিত এলাকায় এমন মর্মান্তিক ঘটনা ঘটল, তা নিয়ে উঠেছে একাধিক প্রশ্ন। সদ্যোজাতের দেহের বাকি অংশ কোথায়, তা নিয়েও অনিশ্চয়তা রয়েছে।ঘটনার খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। হাসপাতাল কর্তৃপক্ষের পক্ষ থেকে বিষয়টি নিয়ে তদন্তের আশ্বাস দেওয়া হয়েছে।হাসপাতালের এমএসভিপি কল্যাণ খান জানান,"পুলিশ গোটা বিষয়টি দেখছে। হাসপাতালের সিসি ক্যামেরার ফুটেজ খতিয়ে দেখা হবে। ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত হবে।"এই ঘটনাকে ঘিরে হাসপাতালের নিরাপত্তা ব্যবস্থা নিয়েও প্রশ্ন উঠতে শুরু করেছে। নবজাতক সুরক্ষা ও চিকিৎসা প্রতিষ্ঠানের দায়িত্ব নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন বহু মানুষ।

# গণ ধর্ষণের ঘটনা ফালাকাটায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জানুয়ারি : গণধর্ষণের শিকার হলেন এক মানসিক ভারসাম্যহীন যুবতী ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে ফালাকাটায়। সরস্বতী পূজার রাতে ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ারের ফালাকাটার ৯ নম্বর ওয়ার্ডের বিদ্যাসাগর কলোনিতে। সরস্বতী পূজার রাতে এই ওয়ার্ডের এক মানসিক ভারসাম্যহীন যুবতিকে দু - তিন জন মিলে ধর্ষন করে বলে অভিযোগ। বাড়িতে একাই থাকতেন যুবতি। মা - বাবার মৃত্যুর পর এমনি ভাবে প্রতিবেশীরাই দেখভাল করে রাখতেন। পুজোর রাতে ঘটনার সময় যুবতির চিৎকারে পরিবেশীরা ছুটে এলে দুই যুবককে ধরে ফেলে। একজন পালিয়ে যায়। পুলিশ দুজনকে আটক করে। যুবতিকে মেডিক্যাল পরীক্ষা করান হয়। ধৃতদের একজনের বাড়ি ফালাকাটার ৪ নম্বর ওয়ার্ডের পারংএরপার এলাকায় , অন্যজন এক নম্বর ওয়ার্ডের বাসিন্দা। ধৃতদের একজন না বালক হওয়ায় তাকে জলপাইগুড়ি জুবিলাইনে পাঠান হয় , অন্যজনকে আলিপুরদুয়ার আদালতে তোলা হলে ৪ দিনের পুলিশ হেফাজতে পাঠান হয়। এই ঘটনায় আর কারা জড়িত তদন্ত করছে পুলিশ।

# মাঝেরডাবড়ী চা বাগানে মারপিট , অভিযোগ পুলিশের কাছে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জানুয়ারি : অভিযোগ পাল্টা অভিযোগ একে অপরের বিরুদ্ধে অভিযোগ দায়ের করছে পুলিশের কাছে। আলিপুরদুয়ার দু নম্বর ব্লকের মাঝের ডাবরি চা বাগানের সঞ্জয় টপ্পো নামে এক বাসিন্দারবিরুদ্ধে সহকারী ম্যানেজার বাপন দত্তকে মারধর করার অভিযোগ জমা পড়েছে পুলিশের কাছে। যদিও সঞ্জয় বাগান কর্তৃপক্ষের অভিযোগ অস্বীকার করে জানিয়েছেন আমাকে এই মারধর করা হয়েছে উল্টো আমার নামেই মিথ্যে অভিযোগ দায়ের করেছে বাগান কর্তৃপক্ষ। মার ধরে জখম হয়ে এখন আমি চিকিৎসাধীন।ওই অভিযোগে ওই চা বাগানের ম্যানেজার চিন্ময় ধর জানিয়েছেন বিজলি লাইন কাঠের সেতুটি শ্রমিকরা দৈনন্দিন কাজের জন্য বাগানে পৌঁছানোর জন্য ব্যবহার করেন, এটি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত এবং জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। তাই শ্রমিকদের দৈনন্দিন কাজে যোগদানের জন্য নদী পার হওয়ার জন্য ৫০০ মিটার দূরত্বের একটি বাঁশের সেতু রয়েছে, পঞ্চায়েতের কাছ থেকে নিশ্চিত হওয়ার পর সেতুটি স্থানান্তরিত করা হয়।এদিন সঞ্জয় টপ্পো নামে ওই বাসিন্দা ওই সেতু ভেঙে ফেলার চেষ্টা করে যা অবৈধ, তাই আমার ডেপুটি ম্যানেজার বাপন দত্ত তাকে অফিসে আসতে বলেন কিন্তু তিনি আসেননি।এদিন সহকারী ম্যানেজার সেখানে গেলে সঞ্জয় টপ্পো ঘটনাস্থলে পৌঁছালে তাকে হেনস্থা করেন। উপস্থিত শ্রমিকরা তাকে রক্ষা করেন। শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক জানান অভিযোগের ভিত্তিতে ঘটনা তদন্ত শুরু করা হয়েছে। এদিকে সঞ্জয় টো আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চিকিৎসাধীন। তার স্ত্রী পাল্টা অভিযোগ করেছেন চা বাগান কর্তৃপক্ষের বিরুদ্ধে।

# প্রবীণ নাগরিকদের জন্য প্রণাম কর্মসূচি শুরু হলো জেলা পুলিশের উদ্যোগে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জানুয়ারি : প্রবীণ নাগরিক ও মহিলা দের নিরাপত্তার স্বার্থে পুলিশের স্পেশাল গাড়ির উদ্বোধন হল পুলিশ সুপারের পক্ষ থেকে। আলিপুরদুয়ার জেলার প্রবীন নাগরিক যারা ঘরে একা থাকে বা তাদের কেউ নেই এমন নাগরিকদের পাশে দাড়ালো আলিপুরদুয়ার জেলা পুলিশ। এদের জন্য আজ থেকে আলিপুরদুয়ার জেলা পুলিশের পক্ষ থেকে প্রণাম বলে এক কর্মসূচি নেওয়া হল এই কর্মসূচি আজ শুভ সূচনা হয়। এই কর্মসূচি অন্তর্গত প্রবীণ নাগরিকদের একটা করে কার্ড দেওয়া হয়েছে সেখানে পুলিশের কণ্ট্রোল রুমের নম্বর ও নোডাল অফিসার নম্বর দেওয়া আছে। এবং এদের জন্য একজন নোডাল অফিসার নিযুক্ত করা হয়েছে যারা মাঝেমধ্যে প্রবীণ নাগরিকদের বাড়িতে গিয়ে খোঁজ খবর নেবে। এমনকি প্রবীণ নাগরিকরা যদি কোনো সমস্যায় পড়ে যদি তারা অসুস্থ হয় তাহলে ফোন করলেই কর্তব্যরত নোডাল অফিসার পৌছে গিয়ে তাদেরকে হাসপাতালে নিয়ে যাওয়ার ব্যবস্থা করবে। আজকে এমন পঞ্চাশ জন প্রবীণ নাগরিককে চিহ্নিত করে তাদের কার্ড দেওয়া হয়েছে আগামীতে জেলা জুড়ে এই কর্মসূচি নেওয়া হবে বলে জানান আলিপুরদুয়ার পুলিশ সুপার খাণ্ডবাহালে উমেশ গণপত। এছাড়াও আলিপুরদুয়ার জেলার বিভিন্ন শহরের জন্য তিনটি পুলিশের স্পেশাল গাড়ির উদ্বোধন করা হয়েছে এদিন।

# এক কোটি টাকার রাস্তা তৈরী হবে জয়গাঁতে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জানুয়ারি : অবশেষে জয়গাঁ বাসীর দীর্ঘদিনের দাবি পূরণ হতে চলেছে। বৌবাজার দ্বিতীয় ভুটান গেট গামী এম জি রোড নির্মাণ কাজ আজ থেকে আনুষ্ঠানিক ভাবে শুরু হল। প্রায় চার কোটি ব্যায়ে এক কিমি বেশি সড়ক নির্মাণ হবে। এদিন আনুষ্ঠানিক ভাবে কাজের সূচনা হয় উপস্থিত ছিলেন জেডিএ চেয়ারম্যান গঙ্গাপ্রসাদ শর্মা, জয়গাঁ দুই প্রধান অঞ্জু খাতুন, তৃণমূল ব্লক সভাপতি প্রেমা লামা সহ এলাকার ব্যবসায়ীরা। এলাকার ব্যবসায়ীরা জানান এই সড়কের অবস্থা জরাজীর্ণ আন্তর্জাতিক এই সড়ক অবশেষে নির্মাণ কাজ শুরু হয়েছে আমরা খুশি।জেডিএ চেয়ারম্যান গঙ্গাপ্রসাদ শর্মা মাননীয় মুখ্যমন্ত্রী অনুপ্রেরণায় এই সড়ক নির্মাণ কাজ শুরু হল এতে জয়গাঁ বাসীর সুবিধা হবে।

# পরকীয়ার জের ,স্বামীর হাতে খুন স্ত্রী



সুস্মিতা রায়, এই যুগ, জলপাইগুড়ি, ২৪ জানুয়ারি : স্ত্রীকে প্রেমিকের সাথে নিজে দাঁড়িয়ে বিয়ে দিয়েছিল স্বামী।সেই স্ত্রীকেই প্রেমিকের বাড়িতে গিয়ে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করল স্বামী।ধারালো অস্ত্র নিয়ে হেঁটে যাওয়ার পথে স্বামীকে রাস্তাতেই আটক করল পুলিশ।শনিবার এমনই হাড়হিম ঘটনার সাক্ষী থাকল ধূপগুড়ি পুরসভার ২নং নম্বর ওয়ার্ডের রায় পাড়ার বাসিন্দারা।মৃত মহিলার নাম সোমা বর্মন।জানা গিয়েছে,রায় পাড়ার বাসিন্দা শ্রীকান্ত রায়ের সাথে সোমা বর্মনের বিয়ে হয়েছিল।তাদের দুই সন্তান রয়েছে।কাজের সূত্রে শ্রীকান্ত ভিন রাজ্যে গিয়েছিল।সেই ফাঁকে পাশের বাড়ির যুবক চিরঞ্জিত রায়ের সাথে বিবাহ বহির্ভূত সম্পর্কে জড়িয়ে পড়ে সোমা।বিষয়টি শ্রীকান্ত বুঝতে পেরে ভিন রাজ্য থেকে বাড়ি ফিরে এসে দিনকয়েক আগে শ্রীকান্ত নিজে দাঁড়িয়ে থেকে ওই যুবকের সাথে তার স্ত্রীর বিয়ে দেয়। মৃত সোমা রায় বর্তমানে চিরঞ্জিত রায়ের বাড়িতেই ছিল। এদিন সকালে আচমকাই শ্রীকান্ত প্রেমিকের বাড়িতে গিয়ে সোমাকে ধারালো অস্ত্র দিয়ে কোপাতে থাকে বলে অভিযোগ।সোমার চিৎকারে চিরঞ্জিতের মা ছুটে আসলেও তাকেই মারার জন্য ছুটে যায় শ্রীকান্ত।সেই সময় পালিয়ে বাঁচে ওই মহিলা।এরপর ধারালো অস্ত্র নিয়ে রাস্তায় হেঁটে যাওয়ার সময় পুলিশ ধূপগুড়ি বাজার এলাকা থেকে অভিযুক্ত শ্রীকান্তকে আটক করে।ঘটনাস্থলে ধূপগুড়ি থানার পুলিশ পৌঁছে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জলপাইগুড়ি মেডিকেল কলেজে পাঠিয়েছে। ইতিমধ্যে ঘটনাস্থল ঘিরে দিয়ে ঘটনা তদন্ত শুরু করেছে পুলিশ।পুলিশ সূত্রে জানা গিয়েছে একজনকে আটক করা হয়েছে। এখনও পর্যন্ত লিখিত অভিযোগ দায়ের হয়নি।

# পুলিশের বিরুদ্ধে পুলিশ সুপারের কাছে অভিযোগ




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জানুয়ারি : পুলিশের বিরুদ্ধে মারধরের অভিযোগ তুলে মিছিল করলেন গ্রামবাসীরা থানার সামনের এসে। শামুকতলা গ্রাম পঞ্চায়েতের বানিয়াডাবড়ী এলাকার একটি ব্যক্তিকে মারধরের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা তে। শামুকতলা থানায় বিক্ষোভের পর বানিয়াডাবরি এলাকার বাসিন্দারা আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপারের কাছে লিখিত অভিযোগ দায়ের করলেন শনিবার বিকেলে। ওয়ারেন্ট এর আসামী কে মারধর করার প্রতিবাদে শামুকতলা থানার সামনে বিক্ষোভ মিছিলের পাশাপাশি থানায় গিয়ে বিক্ষোভ দেখালেন এস টি আদিবাসী সম্প্রদায়ের মানুষেরা । ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা এলাকায়। বানিয়াডাবড়ী এলাকার বাসিন্দা রিলেস মোছারী নামে এক ব্যক্তির বিরুদ্ধে ওয়ারেন্ট বের হয়েছিল ট্রাক্টরের কিস্তি সঠিক সময়ে শোধ না করায় । কিন্তু বিষয়টি তার জানা ছিল না। গত বৃহস্পতিবার রাত দেড়টা নাগাদ শামুকতলা থানার পুলিশ রিলেশ মোছারীকে বাড়ি থেকে তুলে নিয়ে আসে। রীলেশ মোছারীর অভিযোগ শামুকতলা থানার বড়বাবুর নির্দেশেই তাকে বেধড়ক ভাবে পেটানো হয়েছে। শুক্রবার পুলিশ অভিযুক্ত ওয়ারেন্টের আসামি রীলেশ মোছারিকে আদালতে পাঠায়। আদালত থেকে জামিনে ফিরে এসেই গোটা বিষয়টি তার পরিবারকে জানায়। রীলেশ কে মারধরের ঘটনা নিয়ে বিষয়টি জানাজানি হয়ে যায় শামুকতলা থানা এলাকার তার আত্মীয়-স্বজন থেকে শুরু করে এসটি আদিবাসী সম্প্রদায়ের মানুষদের মধ্যে। শনিবার বেলা বারোটা নাগাদ ৪০ থেকে ৫০ জনের একটি মিছিল শামুকতলা থানার ২০০ মিটার দূর থেকে শুরু হয় পুলিশের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল ।মিছিলে অংশগ্রহণ করেন এসটি আদিবাসী সম্প্রদায়ের মহিলারাও। মিছিল থেকে স্লোগান উঠে রীলেশ মোছারীকে মারধর করা কেন হল জবাব চাই জবাব দিন। এরপরেই তারা শামুকতলা থানার মূল ফটকে গিয়ে বিক্ষোভ দেখান এবং শামুকতলা থানার ওসির সঙ্গে তাদের বাকবিতণ্ডা শুরু হয়। তবে বিষয়টি নিয়ে তারাও নাছোড়বান্দা। তাদের আন্দোলন চলতেই থাকবে জানিয়ে দিয়েছেন এসটি আদিবাসী সম্প্রদায়ের মানুষেরা। শনিবার বিকেলে ২০ থেকে ২৫ জনের একটি দল আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপারের কাছে শামুকতলা থানার পুলিশের বিরুদ্ধে গিয়ে লিখিত অভিযোগ দায়ের করেন। তবে পুলিশের কাছ থেকে জানা গেছে অভিযোগ ভিত্তিহীন ।তাকে মারধর করা হয়নি ।পুলিশের কাজে তিনি বাঁধা দিয়েছেন।

# পুলিশী অভিযানে ধ্বংস করা হলো শতাধিক গাঁজা গাছ



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৪ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলা পুলিশের কুমারগ্রাম থানার অধীন বারোবিশা ফাঁড়ির পুলিশ শনিবার অভিযান চালিয়ে ধ্বংস করলো শতাধিক গাঁজা গাছ। জানা গেছে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে এদিন পুলিশ অসম বাংলা সীমানায় থানা এলাকার পাখড়িগুড়ি নামা পাড়া গ্রামে অভিযান চালায়। অভিযানে আইনানুগ পদ্ধতিতে গাঁজা গাছ গুলি কেটে একত্র জড়ো করে আগুন লাগিয়ে পুড়িয়ে দেওয়া হয়। পাশাপাশি এলাকার বাসিন্দাদের অবগত করানো হয় গাঁজা চাষ অবৈধ। গাঁজা সহ মাদকের অপব্যবহার এবং কুপ্রভাব সম্পর্কে ও এলাকাবাসীকে সচেতন করা হয় ভবিষ্যতে কেউ এধরনের কাজে লিপ্ত হলে আইনত কঠোর পদক্ষেপ গ্রহন করা হবে বলে পুলিশের পক্ষ থেকে জানানো হয়। আলিপুরদুয়ার জেলা পুলিশ জেলাকে মাদক মুক্ত করার লক্ষ্যে মাদক বিরোধী অভিযান লাগাতার চালিয়ে যাবে।

# সরস্বতী পুজোর রাতে বন্ধ হয়ে গেলো আরেকটি চা বাগান



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ২৪ জানুয়ারি : সরস্বতী পুজোর রাতে বন্ধ হয়ে গেলো জলপাইগুড়ি জেলার মালবাজার মহকুমার রাজা চা বাগান। জানা গেছে রাতে চা বাগানের গেটে বাগান বন্ধের নোটিশ ঝুলিয়ে চা বাগান থেকে চলে যান বাগানের ম্যানেজার। নোটিশটি শ্রমিকদের নজরে আসতেই তারা চা বাগানের গেটে জমায়েত হতে শুরু করেন ও বিক্ষোভে ফেটে পড়েন। তারা জানান শুক্রবার সন্ধ্যা সাড়ে সাতটা পর্যন্ত ম্যানেজার বাগানের অফিসে থেকে কাজ করেছেন। তাদের ধারনা রাত সাড়ে আটটা নাগাদ গেটে নোটিশ ঝুলিয়ে ম্যনেজার বাগান থেকে চলে যান। বাগান বন্ধের কারন হিসাবে নোটিশে উল্লেখ করা হয়েছে বছর তিন যাবৎ বাগান লোকসানে চলছে। এই পরিস্থিতিতে মালিকপক্ষ চা বাগান চালাতে অপারগ তাই বাগান বন্ধ করে দেওয়া হচ্ছে। এই যুক্তির বিরোধিতা করে শ্রমিকরা জানান বাগান মালিকের এই যুক্তি ঠিক নয়। তারা বলেন বাগানে চা পাতার উৎপাদন বাড়ছে, নিয়মিত কাজ চলছে। শ্রমিকদের মজুরি সহ প্রভিডেন্ট ফান্ড এর টাকা নিয়মিত প্রদান করা হচ্ছে। বাগানে কোনো সমস্যা নেই, সব কিছু স্বাভাবিক থাকা সত্ত্বেও বাগান কর্তৃপক্ষ বাগান বন্ধ করে দেওয়ার পেছনে কোনো রহস্য আছে বলে অনুমান করছেন শ্রমিকরা। শ্রমিকদের বিক্ষোভের খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান মালবাজারের বিধায়ক তথা আদিবাসী উন্নয়ন দপ্তরের মন্ত্রী বুলু চিক বরাইক। তিনি শ্রমিকদের বিক্ষোভকে যুক্তিসংগত বলে জানান সব কিছু স্বাভাবিক থাকা সত্ত্বেও কেন বাগান বন্ধ করে দিলো মালিকপক্ষ তা ভাবার বিষয়। তিনি শ্রমিকদের আশ্বস্ত করে বলেন জেলা প্রশাসনের সাথে কথা বলে মালিকপক্ষকে ডেকে দ্রুত বাগান খোলার ব্যবস্থা করা হবে। মন্ত্রী শ্রমিকদের বলেন ধৈর্য্য ধরতে এবং বাগানের যাতে কোনো ক্ষতি না হয় সেদিকে লক্ষ্য রাখতে। মন্ত্রীর কথায় শ্রমিকরা বিক্ষোভ থেকে নিরস্ত হন।

# বধূ নির্যাতনের অভিযোগ পুলিশের কাছে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জানুয়ারি : লাবণী সাংমা মারাক নামে এক বধূর উপর নির্যাতনের অভিযোগ উঠল তার স্বামী রাকেশ মারাকের বিরুদ্ধে। শামুক তলা থানার কালফুট ফরেস্ট বস্তিতে ঘটনাটি ঘটেছে। ওই বধু উত্তর পানিয়ালগুড়ি বাপের বাড়িতে আশ্রয় নিয়েছে নির্যাতিতা।ওই বধু লিখিত অভিযোগে জানিয়েছেন ১২ বছর আগে আমাদের বিয়ে হয়। প্রথমে আমাদের মধ্যে ভালোবাসা এবং পরে সামাজিক মতে বিবাহ হয় এবং বর্তমাণে আমাদের ৩-বৎসর ও সাত বৎসরের দুটি মেয়ে রয়েছে। আমার স্বামী রাকেশ মদ খেয়ে এসে আমাকে প্রাণে মারার চেষ্টা করে। আমি অনেক কষ্ট করে এবং দিন মজুরি করে আমার সংসার চালাই আমার হাজিরায় পয়সা চুরি করে প্রতিনিয়ত মদ খায় । এর পর আমার উপর অত্যাচার চালায়। প্রথমে আমার সহিত পয়সাকড়ি নিয়ে বচসা বাধে এবং পরে আমাকে প্রাণে মারার জন্য বিবাদী আমার গলা টিপে ধরে। আমার চিৎকার শুনে আমার শ্বশুর শাশুড়ি আমাকে বাঁচাতে এলে তাদের ঘরের দরজা বন্ধ করে দেয়। প্রতিবেশীরা ছুটে এলে আমার গলা ছেড়ে দিয়ে একটি কাঠের লাঠি দিয়ে মেরে আমার হাত ফাটিয়ে দেয় ও সারা শরীরে প্রচন্ড মারে। পরে উক্ত স্থান হইতে পলায়ন করে। সমস্যা মেটাতে স্থানীয় পঞ্চায়েতদের নিয়ে শালিশী সভা বসে এবং বিবাদীকে সাবধান এবং সতর্ক করার পরও আমার স্বামী তার চরিত্র পাল্টায়নি। বরং দিন দিন বেড়ে চলেছে।পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

# শিলিগুড়ির দেশবন্ধু পাড়ায় ভয়াবহ আগুনে পুড়ে ছাই একটি বহুতল বাড়ির তিনতলা



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২৪ জানুয়ারি : সরস্বতী পুজোর রাতে শিলিগুড়ি দেশবন্ধু পাড়ার এ পি সি রোডের এন টি এস মোড়ে একটি বহুতল বাড়িতে ভয়াবহ আগুনের ঘটনায় পুড়ে ছাই হয়ে যায় তিনতলার ঘরগুলি।জানা গেছে যৌথ পরিবারের এই বাড়ির তিন তলায় বাস করেন বিজয় চন্দ্র সাহা ও তার পরিবার। শুক্রবার রাতে হঠাৎ আগুন ধরে যায় তিনতলায়। খবর দেওয়া হয় দমকলে। দুটি ইঞ্জিন নিয়ে দমকল কর্মীরা ঘটনাস্থলে দ্রুত পৌঁছে আগুন নেভানোর কাজ শুরু করেন। এক ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রনে আনলেও তিন তলাটি পুড়ে ছাই হয়ে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে যায় শিলিগুড়ি থানার পুলিশ। অনুমান করা হচ্ছে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুন লাগতে পারে। দমকল কর্মীরা জানান তদন্ত শেষ হলেই আগুনের সঠিক কারন জানা যাবে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান ওয়ার্ড কাউন্সিলর শরদিন্দু চক্রবর্তী ও মেয়র গৌতম দেব। তারা ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে থাকার আশ্বাস দেন। দমকলের চেষ্টায় আগুন ছড়িয়ে পড়তে পারেনি। আগুন ছড়িয়ে পড়লে আশপাশের বাড়ি গুলির ও ক্ষতির সম্ভাবনা ছিলো বলে জানান মেয়র।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |